

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০৪৭.০৪.০৯২.১৯.৯৩

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬

১৩ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে
টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের মুল নিশি জারির আদেশ, তারিখ: ২১.০৪.২০১৯ খ্রি:।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ হৌফিকুল আজম, পিতা: মোহাম্মদ আফতার উদ্দীন ভূইয়া, মাতা: মোছা: রেজিয়া বেগম, ১১/১ প্রভাতী সেনা লেন, পোস্ট: ময়মনসিংহ-২২০০, ময়মনসিংহ সদর, সানকীপাড়া, ময়মনসিংহ কর্তৃক মহামানা হাইকোর্ট রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০১. নামসিউব মুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.৯০.১৮.০০১.১৬-১৯৫, তারিখ: ০৪.০৩.২০১৯ খ্রি: মুলে আবেদনকারী জনাব মোহাম্মদ হৌফিকুল আজম এর বিরুদ্ধে অধীকৃত পদে ভূয়া তথা প্রদান, নিয়োগ সংক্রান্ত জাল রেকর্ড প্রদান বিষয়ে অভিযোগ প্রমাণিত হওয়ায় শাসনিকভাবে তার (আবেদনকারী জনাব মোহাম্মদ হৌফিকুল আজম) এমপিও বাতিল এবং এমপিও তুলিকাির পর হতে উত্তোলিত সম্মুদয় প্রদান বন্ধের দেয়ার জন্য নির্দেশনা দিয়ে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

০২. এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপরিউক্ত স্মারক নং-৫৭.০৩.০০০০.৯০.১৮.০০১.১৬-১৯৫, তারিখ: ০৪.০৩.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করে আবেদনকারী (জনাব মোহাম্মদ হৌফিকুল আজম) কর্তৃক মহামানা হাইকোর্টে রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলাটি দায়ের করা হয়। উল্লেখ্য যে, আবেদনকারী কর্তৃক একই বিষয়ে ইতোপূর্বে রিট পিটিশন নং-১৯১৫/২০১৯ মামলা দায়ের করা হয়েছিল। সে মামলায় আবেদনকারীর বিরুদ্ধে রায় খোঁষিত হওয়ায় রিভিউ করা হয় এবং রিভিউ পিটিশনটিও মহামানা আদালত কর্তৃক খারিজ করা হয়।

০৩. রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকারি স্বার্থ থাকায় এবং মামলা আর্জির বিষয়বস্তু তিনটি সংশ্লিষ্ট হওয়ায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে বিধিগত প্রকরণে *Affidavit in opposition* দাখিলসহ অন্যান্য আইনী কার্যক্রম গ্রহণ প্রয়োজন।

০৫. এই প্রথম উপরিউক্ত বিষয়টি বিবেচনায় নিয়ে রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে *Affidavit in opposition* দাখিলক্রমে (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) অন্যান্য প্রয়োজনীয় আইনী কার্যক্রম দায়ের আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৬-২০১৯

ড. মো: মহাবতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯২.১৯.৯৩/১(৭)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬

১৩ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ~~সচিব~~ **মহোদয়** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



১৩-৬-২০১৯

ড. মো: মহতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

